মুজিবনগরে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী দম্পত্তি আটক

মেহেরপুরের মুজিবনগরে ৫০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী দম্পত্তিকে আটক করেছে পুলিশ।

আজ শনিবার (১০ ফেব্রুয়ারি) ভোর সাড়ে ৬টার দিকে মুজিবনগর-আটকবর সড়কের বটতলা নামক স্থানে মুজিবনগর থানার এসআই মো: খালিদুর আশিকের নেতৃত্বে পুলিশের একটি দল এ অভিযান পরিচালনা করেন। আটক দম্পত্তিরা হলেন, ঢাকা পল্লবীর ব্লক- সি ৩৫ নম্বর বাসার বাসিন্দা আব্দুল মান্নানের ছেলে তানভীর হোসেন (৩০) এবং তার স্ত্রী স্বর্ণা খাতুন।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ আটকবর সড়কের হরেনের বটতলা নামক স্থানে এস আই মো: খালিদুর আশিক, এস আই ইস্রাফিল ও এএসআই সীমা খাতুন সঙ্গীও ফোর্স নিয়ে অভিযান পরিচালনা করেন। এসময় ওই স্থানের একটি চা দোকানের পাশের একটি হেয়ারিং রাস্তায় ওই দম্পত্তিতে দেখে তারা চ্যালেঞ্জ করেন এবং তানভির হোসের হাতে হাতে সাদা বস্তাতে তল্লাশি করে ৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেন।

এস আই মো: খালিদুর আশিক জানান, তানভিরের বিরুদ্ধে মাদক মামলায় আরও দুটি মামলা রয়েছে। ধারণা করা হচ্ছে তারা সীমান্ত এলাকা থেকে মাদক নিয়ে গিয়ে রাজধানী এলাকায় ব্যবসা করেন। তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

ভুল চিকিৎসায় শিশুর মৃত্যু গাংনীতে ভূয়া চিকিৎসকের দুই

বছর কারাদন্ড

ভূল চিকিৎসায় এক নবজাতকের মৃত্যুর ঘটনায় মেহেরপুরের গাংনীতে সুজন আলী নামের এক ভূয়া ডাক্তারের ২০ হাজার টাকা ও দুই বছরের কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

ডাক্তার না হয়েও ডাক্তার দাবি করে চিকিৎসা দেওয়ার অপরাধে তাকে গতকাল বৃহস্পতিবার রাত ৮টার দিকে এ দন্ড দিয়ে মেহেরপুর জেলা কারাগারে পাঠিয়েছেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী হাকিম ও গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম।

দন্ডিত সুজন আলী মহাম্মদপুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে।

বাওট গ্রামের মনিরুল ইসলামের দুই দিন বয়সী নবজাতক শিশুর চিকিৎসার জন্য নেওয়া হয় মহাম্মদপুর গ্রামের হালিমা ফার্মেসীতে। সেখানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের উপ সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার শরিফুল ইসলামের ব্যক্তিগত চেম্বার ছিল। শরিফুল ইসলামের অনুপস্থিতিতে সেখানে সুজন আলী নামের এক ব্যক্তি নিজেকের ডাক্তার দাবি করে নবজাতকের চিকিৎসা দেয়।

কয়েকটি এন্টিবায়োটিক ওষুধসহ বিভিন্ন ওষুধ দেওয়া হয়। পরিবারের লোকজন বাড়ি ফিরে ওই ওষুধ সেবন করানোর পর নবজাতক আরও অসুস্থ হয়ে পড়ে। বিকেলে নবজাতকের মৃত্যু হলে ওই ফার্মেসীতে অভিযান চালায় ভ্রাম্যমাণ আদালত।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে আরও জানা যায়, সুজন আলী চিকিৎসা দেওয়ার অনুমতির বিষয়ে কোন বৈধতা প্রমাণ করতে পারেননি। ভ্রাম্যমাণ আদালতের কাছে তাকে ভূয়া ডাক্তার হিসেবে প্রমাণ হয়। বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন ২০১০ এর ২৯ এর ১ ধারায় দোষী সাব্যস্ত করে দুই বছর কারাদন্ড ও ২০ হাজার টাকা জরিমানা করা হয়। ভ্রাম্যমাণ আদালতের আদেশে দন্ডিত সুজন আলীকে মেহেরপুর জেলা কারাগারে প্রেরণ করা হচ্ছে বলে জানায় পুলিশ।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাঃ আব্দুল আল মারুফ ও গাংনী থানা পুলিশের সহায়তায় এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

আলমডাঙ্গায় ২৫ পিস ইয়াবাসহ যুবক গ্রেফতার

আলমডাঙ্গায় ২৫ পিস ইয়াবাসহ এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ। আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে পৌর এলাকার সোহাগ মোড় থেকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামী রফিকুল ইসলাম কুষ্টিয়া ইবি থানাধীন পাটিকাবাড়ি গ্রামের শুকুর আলীর ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে পৌর এলাকার সোহাগ মোড়ে আলমডাঙ্গা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। থানা পুলিশের পরিদর্শক (ওসি) শেখ গণি মিয়ার নির্দেশে অভিযান পরিচালনা করেন থানার উপ-পরিদর্শক (এসআই) হাদিউজ্জামান। সোহাগ মোড়ে অভিযান চালিয়ে রফিকুল ইসলাম নামের এক যুবককে গ্রেপ্তার করেন। এ সময় তার কাছ থেকে ২৫ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) শেখ গনি মিয়া বলেন, ‘গ্রেফতারকৃত আসামী ইয়াবা বিক্রেতা। তার বিরুদ্ধে থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।’

কোটচাঁদপুরে ৩ জনের নামে পৃথক ৩ টি চিরকুটে চাঁদা দাবি

কোটচাঁদপুরে ৩ জনের নামে পৃথক ৩ টি চিরকুটে চাঁদা দাবি করেছেন দূর্বৃত্তরা। গত ৭ ফেব্রুয়ারি সকালে এ চিরকুট দেখতে পান ভুক্তভোগীরা। ওই ঘটনায় রবিউল ইসলাম বাদি হয়ে আজ শুক্রবার (৯ ই ফেব্রুয়ারি) স্থানীয় থানায় অভিযোগ করেছেন।

ভুক্তভোগী রবিউল ইসলাম বলেন,৭ তারিখ সকাল ৮.৩০ মিনিট। ওই সময় আমার ছেলের বউ সোনিয়া খাতুন বাড়ির উঠানে কাজ করার সময় ভ্যানের উপর ভাজ করা প্রথম চিঠি দেখতে পান। তাতে আমার কাছে ৩ লাখ টাকা চাঁদা দাবি করা হয়। চাঁদা না পেলে প্রাণ নাশের হুমকিও দেয়া হয় ওই চিঠিতে। পাশে আবুল কাশেমের বাড়ির ছাদে কাপড় মেলতে যান সোনিয়া খাতুন। ওখানেও একইভাবে ভাজ করা চিরকুট দেখতে পান। ওই চিরকুটে আবুল কাশেমের কাছে ১০ লাখ টাকা চাঁদা দাবি করা হয়।

ওইদিন জাকির হোসেন ওরফে সুমনের মা রুবিনা খাতুন নিজ ছাদে একই রকম কাগজে লেখা চিরকুট পান। ওই চিরকুটে সুমনের কাছে ৫ লক্ষ টাকা চাঁদা দাবি করা হয়। ওই চিঠিতে লেখা ছিল আগামী ২০ তারিখের মধ্যে ওই চাঁদার টাকা পরিশোধ করার কথা। তবে কোথায় কখন এ টাকা দিতে হবে, তা পরবর্তী চিঠি দিয়ে জানানো হবে বলে ওই চিঠিতে উল্লেখ করেছেন দূর্বৃত্তরা।

এ ব্যাপারে ভুক্তভোগী আবুল কাশেম বলেন,আমার সঙ্গে কারোর কোন শত্রুতা নাই। তবে কে কেন এ ধরনের চিঠি দিল বুঝতে পারছিনা।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল-মামুন বলেন,অভিযোগ পেয়েছি। তবে এটা তেমন কোন চাঁদা চাওয়ার মত ঘটনা না। নিজের ছেলে সহ আরো কয়েক জন ছাদে খেলা করেন। এটা ওই ধরনের ছেলেরা করতে পারে। কারণ এটা খুব কাঁচা হাতের লেখা। চিঠি পড়ে তেমন মনে হয়েছে। রাতে ঘটনাস্থলে যাব। দেখি প্রকৃত পক্ষে কি ঘটেছে।

গাংনীতে যৌথ অভিযানে যুবককে জেল জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলা শহরে র্যাবের ও ভ্রাম্যমান আদালতের যৌথ অভিযানে নেশা জাতীয় ইনজেকশন ও গাঁজাসহ আটক আসাদুজ্জামান রাব্বি
(২৪) কে এক বছর বিনাশ্রম কারাদণ্ডাদেশ দিয়েছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) দুপুর ৩ টার দিকে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম এই দণ্ডাদেশ দেন।

এসময় র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিস-৩ মেহেরপুর ক্যাম্পর কমান্ডার এএসপি মনিরুজ্জামান উপস্থিত ছিলেন।

দণ্ডিত আসাদুজ্জামান রাব্বি গাংনী উপজেলার গোপালনগর গ্রামের মোঃ রবিউল ইসলামের ছেলে।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাদির হোসেন শামীম বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৯(১)(গ) ও ৩৬(১)(১৬) ধারায় এক বছর বিনাশ্রম কারাদণ্ড ও নগদ এক হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এর আগে র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিসি-৩, মেহেরপুর এর কোম্পানী কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান এবং নির্বাহী ম্যাজিস্ট্রট ও সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীমের নেতৃত্বে গাংনী পৌরসভার ০৪ নং ওয়ার্ডের ক্ষনিকালয় বোর্ডিং এর সামনে পাকা রাস্তার উপর অভিযান চালিয়ে রাব্বিকে নেশা জাতীয় ৪ টি ফেন্টি, ৪ টির পেন্টাজো ইনজেকশন, দুই পুরিয়া গাঁজা এবং মাদকগ্রহণ কাজে ব্যবহৃত ১ টি সিরিঞ্জ উদ্ধার করা হয়।

এসময় সেখানে ভ্রাম্যমান আদালত (মোবাইল কোর্ট) পরিচালনা করে এই কারাদন্ড প্রদান ও জরিমানা আদায় করা হয়। যার মোবাইল কোর্ট মামলা নং-১০/২৪, তারিখ-০৮/০২/২৪।

পরে বিকালের দিকে দণ্ডাদেশপ্রাপ্ত রাব্বিকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়। এছাড়া জব্দকৃত মাদক পুড়িয়ে ধংশ করা হয়।

গাংনীতে শিশু যৌন নিপিড়ককে

গণধোলাই শেষে পুলিশে

আট বছর বয়সী এক শিশুকে যৌন নিপিড়নের অভিযোগে আইনাল হোসেন (৫৫) নামের এক ব্যক্তিকে গণধোলাই শেষ পুলিশে দিয়েছে স্থানীয়রা।

আজ বৃহস্পতিবার (৮ ফেব্রয়ারি) বিকালে গাংনী উপজেলার মানিকদিয়া গ্রামের এই ঘটনা ঘটে। সন্ধ্যার দিকে গাংনী থানা পুলিশ তাকে আটক করে থানায় নিয়েছেন।

অভিযুক্ত আইনাল হোসেন মানিকদিয়া গ্রামের ওমর আলী শাহের জামাতা। তার নিজ বাড়ি কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার তালবাড়িয়া গ্রামে।

স্থানীয়রা জানান, মানিকদিয়া গ্রামের সাত বছর বয়সী এক শিশু তার বান্ধবীর সাথে বাড়ির পাশের মাঠে ফসলের ক্ষেতের বাইতুর শাক তুলতে যায়। ওই মাঠেই কাজ করছিলেন আইনাল হোসেন।

শিশু দুটিকে একা পেয়ে একটি শিশুকে মুখ চেপে যৌন নিপিড়ন চালায়। এসময় অপর শিশুটির চিৎকারে আশেপাশের লোকজন ছুটে যান। এসময় আইনাইল হোসেন পালানোর চেষ্টা করতে গেলে জনগণ তাকে আটক করে গণপিটুনি দেয়।

পরে খবর পেয়ে সন্ধ্যার দিকে গাংনী থানা পুলিশ ঘটনাস্থলে গিয় আইনালকে আটক করে থানায় নেন।

এবিষয়ে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম জানান, শিশু যৌন নিপিড়নের অভিযোগের আইনালের বিরুদ্ধে মামলা দায়ের হচ্ছে। তাকে গ্রেফতার দেখিয়ে মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে।

স্থানীয়রা জানান, আইনাল হোসেনের বাড়ি কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার তালবাড়িয়া গ্রামে। প্রায় ২০ বছর আগে তার আগের পক্ষের কয়েকজন স্ত্রী ও সন্তান রেখে গাংনী উপজেলার মানিকদিয়া গ্রামে এসে ওমর আলী শাহের মেয়ের সাথে বিয়ে করেন। সেই থেকে এই গ্রামেই তার শশুরের বাড়িতে ঘরজামাই হিসেবে বসবাস করছেন।

আলমডাঙ্গার গড়চাপড়ায় মাটি কেটে বিক্রয় ৫০ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গার গড়চাপড়া গ্রামে ভ্রাম্যমাণ আদালত মাটি বিক্রির দায়ে একব্যক্তিকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে।

আজ বৃহস্পতিবার (০৮ ফেব্রুয়ারি) দুপুরে নির্বাহী ম্যাজিস্ট্রেট সহকারী কমিশনার ভূমির নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়।

জানা গেছে,আলমডাঙ্গা উপজেলার গড়চাপড়া গ্রামে ফসলি জমির মাটি কেটে বিক্রি করা হচ্ছে বলে অভিযোগ ওঠে। অভিযোগের ভিত্তিতে উপজেলা সহকারী কমিশনার ভূমি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

এসময় অবৈধ মাটি উত্তোলন ও বিক্রির দায়ে গড়চাপড়া গ্রামের মৃত আফজাল বিশ্বাসের ছেলে রফিকুল ইসলামকে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ অনুযায়ী ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

এদিকে স্থানীয়রা জানান, এভাবে ট্রাকে করে মাটি পরিবহনের ফলে গ্রামীণ রাস্তাগুলো কর্দমাক্ত ও চলাচলের অনুপযোগী হয়ে পড়ায় তাদের চরম দুরবস্থায় পড়তে হচ্ছে। এদের বিরুদ্ধে প্রশাসন আরও কঠোর ব্যবস্থা গ্রহণ করবেন বলে তারা মনে করেন।

কোটচাঁদপুরে বাল্যবিবাহের আয়োজন, ছেলের বাবাকে জরিমানা

ঝিনাইদহের কোটচাঁদপুরে বাল্যবিবাহের আয়োজন করায় ছেলের বাবা কে ২৫ হাজার টাকা জরিমানা করছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল মঙ্গলবার (৬ জানুয়ারি) রাতে এ অভিযান চালান উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উছেন মে।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, কালীগঞ্জ উপজেলার কোলাবাজার ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর শিক্ষার্থী শ্রী দুলাল কুমার দাসের মেয়ে শ্রাবন্তী দাস (১৪) কে কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের ভোমরাডাঙ্গা গ্রামের দাস পাড়ার শ্রী মদন কুমার দাসের বাড়িতে ছেলে আকাশ কুমার দাস (১৯) এর সাথে বিয়ের প্রস্তুতি নিচ্ছে অভিভাবকরা। তখন গোপন সুত্রে খবর পেয়ে ভ্রম্যমান আদালত পরিচালনা করেন উপজেলা প্রশাসন।

এ সময় বাল্যবিবাহ প্রতিরোধ আইন ২০১৭/৮ ধরায় ছেলের বাবা শ্রী মদন কুমার দাস কে (২৫) হাজার টাকা জরিমানা করা হয়। সে সময় মেয়েকে তার বাবা দুলাল কুমার দাসের কাছে বুঝিয়ে দেন। ছেলে, মেয়ে ও তাদের পিতামাতা এই মর্মে অঙ্গীকার করেন যে মেয়ের বয়স ১৮ ও ছেলের বয়স ২১ বছর পূর্ণ না হওয়া মেয়ে তার বাবা বাড়িতে থাকবে, মেয়েকে পড়াশুনা করার জন্য নিয়মিত স্কুলে পাঠাবে এবং ছেলের সাথে যোগাযোগ করবে না।

এ সময় ভ্রাম্যমাণ আদালতের অভিযানে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, লক্ষিপুর পুলিশ ফাঁড়ির আই সি উপপরিদর্শক এস আই মিজান, উপজেলা প্রশাসনের কর্মকর্তা সহ পুলিশের একটি চৌকস দল উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা বিএনপির তিন নেতা আগাম জামিন পেলেন হাইকোর্ট থেকে

মেহেরপুরের গাংনী থানা পুলিশের দায়ের করা নাশকতার দুটি মামলায় আগাম জামিন পেলেন মেহেরপুর জেলা বিএনপি ও যুবদলের তিন নেতা। বাংলাদেশ হাইকোর্টের ২৭ নং কোর্টের বিচারক নজরুল ইসলাম ও এমদাদ হোসেন গঠিত দৈত্য বেঞ্চ আজ বুধবার (৭ ফেব্রুয়ারি) দুপুরে বিএনপি ও যুবদলের এই তিন নেতাকে ৬ সপ্তাহের জন্য আগাম জামিন দেন।

এরা হলেন, মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সভাপতি জাভেদ মাসুদ

মিল্টন, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু ও গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস।

এর আগে মামলার অপর আসামি জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইস-চেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল, সাহারবাটি গ্রামের বিএনপি নেতা আব্দুল সাত্তারসহ অন্যান্য নেতাকর্মীরা মেহেরপুর জজকোর্টে আত্মসমপর্ণ করলে তাদের জামিন দেন।

গত বছরের ১৫ নভেম্বর হাসিনা সরকারের পদত্যাগ ও নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচনের একদফা দাবিতে ও নির্বাচন কমিশনের অবৈধ তফসিল প্রত্যাখান করে গাংনীতে বিএনপির মশাল মিছিল অনুষ্ঠিত হয়।

এঘটনায় পরে গাংনী থানা পুলিশের পক্ষ থেকে নাশকতার অভিযোগে দুটি মামলা দায়ের করে। মামলার নং যথাক্রমে ৬৯৩৯ ও ৬৯৪১। ৬৯৩৯ নং মামলায় এজাহার নামীয় ৭ জন এবং অজ্ঞাতনামা ২৫/২৬ জনকে আসামি করা হয়। এছাড়া ৬৯৪১ নং মামলায় এজাহারনামীয় ১০ জন এবং অজ্ঞাত নামা ২৫/৩০ জনকে আসামি করা হয়। মামলায় বিএনপি ও তার সহযোগী সংগঠনের বেশ কয়েকজনকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করে পুলিশ। এছাড়া কয়েকজন মেহেরপুর জেলা জজকোর্টে উপস্থিত হয়ে জামিনের আবেদন করলে জামিন দেন বিচারক।

জামিনে মুক্ত গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু বলেন, ফ্যাসিস্ট অবৈধ সরকারের মিথ্যা গায়েবী মামলায় দীর্ঘদিন পরে মহামান্য হাইকোর্ট থেকে আগাম ৬ সপ্তাহের জামিন দিয়েছে।

মেহেরপুরে মাদকাসক্ত যুবককে

তিন মাসের কারাদণ্ড

মাদক সেবনের অপরাধে লালন শেখ নামের এক মাদকাসক্তকে ৩ মাসের বিনাশ্রম জেল ও ১০০ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রট।

বুধবার (৭ ফেব্রুয়ারি) বিকালে সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাজহারুল ইসলাম এই কারাদণ্ড ও জরিমানার আদেশ দেন।

সাজাপ্রাপ্ত লালন শেখ মেহেরপুর শহরের ৪ নম্বর ওয়ার্ড নতুন পাড়ার আবুল কাশেমের ছেলে। নির্বাহী ম্যাজিস্ট্রেট মাজহারুল ইসলাম জানান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬ এর ৫ ধারায় তাকে ৩ মাসের জেল এবং ১শ টাকা জরিমানা করা হয়।

এর আগে দুপুরের দিকে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেমের নেতৃত্বে একটি টিম মাদক বিরোধী অভিযান চালিয়ে শহরের ৪ নম্বর ওয়ার্ড নতুনপাড়া এলাকা থেকে মাদক সেবন করার সময় লালন শেখকে আটক করেন।

পরে ভ্রাম্যমান আদালতে তাকে সোপর্দ করা হয়। বিকালেইদণ্ডপ্রাপ্ত লালন শেখকে মেহেরপুর জেলা কারাগারে পাঠানো হয়েছে।